

যুগান্তর

প্রিন্ট: ০৪ মে ২০২৫, ০৯:৫৬ এএম

শিক্ষাজ্ঞান

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির শপথ গ্রহণ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০২ মে ২০২৫, ০৫:৪৮ পিএম



বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নবনির্বাচিত কেন্দ্রীয় কমিটির অভিষেক অনুষ্ঠান ও পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাজধানীর ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে এ সভা অনুষ্ঠিত হয়।

এতে সংগঠনের সভাপতি মো. আবুল কাসেমের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান শাহীনের সঞ্চালনায় অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মন্ত্রিপরিষদ সচিব, চেয়ারম্যান হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশন ও বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা এএসএম আব্দুল হালিম।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন- সমিতির উপদেষ্টা মোয়াজ্জেম হোসেন মানিক, সমিতির নির্বাচন কমিশন সদস্য সচিব মো. সামসুদ্দিন বাবুল প্রমুখ।

অনুষ্ঠানে কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মো. জাহিদুজ্জামান গগনসহ সব জেলা ও উপজেলার নেতাসহ প্রায় পাঁচ শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় কমিটির নবনির্বাচিত নেতাদের শপথবাক্য পাঠ করান বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাচন কমিশনের চেয়ারম্যান মো. ইসমাইল হোসেন।

আলোচনা সভায় দেওয়া বক্তব্যে প্রধান অতিথি শিক্ষার মানোন্নয়নে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নেতাদের অগ্রগণ্য ভূমিকা পালনের আহ্বান জানান। প্রাথমিক শিক্ষাক্ষেত্রে সব বৈষম্য দূর করে শিক্ষকদের আর্থ-সামাজিক মানোন্নয়নসহ প্রাথমিক শিক্ষকদের স্বতন্ত্র বেতন কাঠামোর আওতায় আনার দাবি জানান।